PG Odd Semester Examination, 2022

BENGALI

(3rd Semester)

Course No.: BNGCC-304 (D)

(লোকসাহিত্য ও লোকসংস্কৃতি-১)

Full Marks: 70

Pass Marks: 28

Time: 3 hours

The figures in the right margin indicate full marks for the question.

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

প্রতিটি গুচ্ছ থেকে একটি করে প্রশ্ন নিয়ে মোট পাঁচটি প্রশ্নের উত্তর দাও

ক-গুচ্ছ

১. ‘Folklore’ শব্দটি কে, কত সালে প্রথম ব্যবহার করেন? শব্দটি প্রথম কোন পত্রিকায় ব্যবহার করা হয়েছিল? Folklore-এর বঙ্গ ভারতীয় প্রতিশব্দগুলি বিশ্লেষণ করে এর যথার্থ প্রতিশব্দটি সম্পর্কে তোমার অভিমত দাও। ২+১+১১=১৪

২. ধাঁধার সংজ্ঞা দাও। বাংলা ‘ধাঁধা’ শব্দটি কোন শব্দ থেকে আগত? ধাঁধার বৈশিষ্ট্য সম্পর্কে আলোচনা করো। বিষয়ভিত্তিক যে কোনো চার ধরনের ধাঁধা দৃষ্টান্ত সহকারে আলোচনা করো। ১+১+৪+৮=১৪

খ-গুচ্ছ

৩. রূপকথা বলতে কী বোঝ? রূপকথা ও উপকথার পার্থক্য নিরূপণ করো। ‘ঠাকুরমার ঝুলি’র গল্পগুলোতে সামাজিক বিচার ব্যবস্থার ছবি কীভাবে প্রতিফলিত হয়েছে তা আলোচনা করো। ২+৩+৯=১৪

৪. ‘বাংলার ব্রত’ গ্রন্থটি কবে প্রকাশিত হয়? অবনীন্দ্রনাথ ঠাকুরের লেখা শিল্প সম্পর্কিত দুটি গ্রন্থের নাম লেখো। ‘‘বাংলার ব্রত পার্বণে এমন কিছু হিন্দু

পুরাণ প্রসঙ্গ ও গ্রামীণ বাংলার ঐতিহ্যবাহিত আচার-সংস্কার- মেয়েলি বিশ্বাস রয়েছে যা আজকের প্রজন্মের কাছে অজানা"— বিষয়টি আলোচনা করো। ১+২+১১=১৪

গ-গুচ্ছ

৫. কার, কোন্ গ্রন্থ থেকে পণ্ডিতমহল সর্বপ্রথম 'মানা'র ধারণা সম্পর্কে অবহিত হন? লোকসংস্কৃতি ও নৃবিজ্ঞানের পারস্পরিক সম্পর্ক আলোচনা করো। ২+১২=১৪

৬. সর্বপ্রাণবাদের দুটি স্তর কী কী? ট্যাবু বিষয়ক একটি প্রতিবেদন প্রস্তুত করো। ২+১২=১৪

ঘ-গুচ্ছ

৭. 'কালেভালা' কোন দেশের লোকগাথা? সৌরতত্ত্বের জনক কে? লোকসংস্কৃতি চর্চায় প্রাথমিক পর্যায়ের তত্ত্ব-পদ্ধতিগুলো সম্পর্কে আলোচনা করো। ১+১+১২=১৪

৮. প্রপ্ নির্দেশিত লোককথার চারটি চরিত্রের নাম লেখো। নিম্নলিখিত সূত্র দুটির যে-কোনো একটি অবলম্বনে তোমার নির্বাচিত একটি লোককথার বিশ্লেষণ করো— ২+১২=১৪

Fx a : Fy b :: Fx b : Fa–1y

অথবা

QS : QR :: FS : FR

ঙ-গুচ্ছ

৯. কোন্ গ্রন্থ রচনার জন্য ব্রিটিশ সরকার জর্জ আব্রাহাম গ্রিয়ার্সনকে 'Order of Merit' উপাধি প্রদান করেন? 'মানিকচন্দ্র রাজার গান' গ্রিয়ার্সন কোন্ পত্রিকায়, কত সালে, কী নামে প্রকাশ করেন? বাংলা লোকসংস্কৃতি চর্চায় জর্জ আব্রাহাম গ্রিয়ার্সনের অবদান সম্পর্কে আলোচনা করো। ১+৩+১০=১৪

১০. Folk Literature of Bengal দীনেশচন্দ্র সেনের কোন্ বক্তৃতার গ্রন্থরূপ? গ্রন্থটি কত সালে প্রকাশিত হয়? দীনেশচন্দ্র সেনের রচিত বাংলা সাহিত্যের ইতিহাস গ্রন্থটির নাম কী? বাংলা লোকসাহিত্য চর্চায় দীনেশচন্দ্র সেনের অবদান পর্যালোচনা করো। ১+১+১+১১=১৪

****